

দ্য স্কুল ডিস্ট্রিক্ট অব ফিলাডেলফিয়া

অস্ত্রশস্ত্র নিষেধ

পেনসিলভ্যানিয়ার আইনের শর্ত অনুযায়ী বয়স অথবা গ্রেড পর্যায় নিরপেক্ষভাবে যদি কোনো ছাত্রছাত্রীর কাছে স্কুলের কর্মসূচি অথবা অনুষ্ঠান চলাকালীন অথবা স্কুলে, স্কুলের কর্মসূচিতে অথবা অনুষ্ঠানে যাওয়া অথবা ফেরার সময় (যার অন্তর্ভুক্ত হল স্কুল বাস এবং সরকারি পরিবহণ) অস্ত্র পাওয়া যায়, তাহলে তাকে গ্রেপ্তার করা হবে এবং কমপক্ষে এক বছরের জন্য স্কুল ডিস্ট্রিক্ট থেকে বহিষ্কার করা হবে।

আইন অনুসারে অস্ত্রের সংজ্ঞা হল "একটি ছুরি, কাটার সরঞ্জাম, কাটার যন্ত্র, আগ্নেয়াস্ত্র, শটগান, রাইফেল এবং অন্যান্য যন্ত্র, সরঞ্জাম অথবা সামগ্রী যা গুরুতর শারীরিক আঘাত হানতে সমর্থ।" আইনের শর্ত অনুযায়ী ছাত্র অথবা ছাত্রী কর্তৃক সেই অস্ত্র ব্যবহার অথবা তা ব্যবহারের চেষ্টা তার গ্রেপ্তার অথবা বহিষ্কারের জন্য বাধ্যতামূলক নয়। উপরন্তু, আত্মরক্ষার্থে সশস্ত্র রাখা হলেও তা আইনের প্রবিধান অনুযায়ী ছাড় পাবে না। সশস্ত্র রাখার অন্তর্ভুক্ত হল ছাত্র বা ছাত্রীর কাছে অথবা তার স্কুল ব্যাগ, ডেস্ক অথবা লকার-এ অস্ত্রশস্ত্র পাওয়া।